

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫৬০  
আগরতলা, ৬ নভেম্বর, ২০২৩

**দামছড়ায় ক্রস পরাগ সংযোগের মাধ্যমে মধু উৎপাদনে প্রশিক্ষণ শিবির**

ক্রস পরাগ সংযোগের মাধ্যমে মধু উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সম্প্রতি দামছড়া কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয়ে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। আত্মা প্রকল্পে (এটিএমএ) এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন দামছড়া বিএসি'র চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং ও ভাইস চেয়ারম্যান ডি রিয়াং।

প্রশিক্ষণ শিবিরে রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন পানিসাগর কেভিকে'র এসএমএস ডা. কলই ও এসএমএস তুলসী চাকমা। প্রশিক্ষণ শিবিরে মূল বিষয়ের উপর আলোচনা করেন কৃষি তত্ত্বাবধায়ক বিজন শর্মা। প্রশিক্ষণ শিবির শেষে প্রশিক্ষণার্থীদের মৌমাছি পালনের জন্য মৌচাক ও ৪ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়। প্রশিক্ষণ শিবিরে জানানো হয় যে এই পদ্ধতিতে প্রতিটি মৌচাকে ৮-১২ কেজি মধু পাওয়া যায় যার আর্থিক মূল্য ১২০০-১৬০০ টাকা।

\*\*\*\*\*